

প্রিয় পিতামাতা/অভিভাবক,

আপনি জেনে থাকতে পারেন যে,

হাই স্কুল শিক্ষার্থীদের সর্বোচ্চ শিক্ষা অভিজ্ঞতা প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এসব প্রতিশ্রুতির একটি উদাহরণ হিসেবে উল্লেখ করা যায়, ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিওই) আমাদের স্কুলগুলোর শিক্ষণ সংস্কৃতি যাচাই ও সমৃদ্ধ করা এবং কঠোর হাই স্কুল কোর্সওয়ার্কে শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির কৌশল তৈরির জন্য একটি জাতীয় অলাভজনক শিক্ষা বিষয়ক সংগঠন 'ইকুয়াল অপরচুনিটি স্কুলস' (ইওএস)-এর সাথে অংশীদার হয়েছে। 'লিড হাইয়ার'-এর আমাদের অংশীদারত্ব মেয়র ডি ব্লাজিওর 'ইকুইটি অ্যান্ড অ্যাক্সেল্যান্স ফর অল'-এর উদ্দেশ্যসমূহের, বিশেষ করে 'এপি ফর অল ইনিশিয়েটিভ'-এর সহায়ক।

ইওএস এবং লিড হাইয়ার ইনিশিয়েটিভ-এর লক্ষ্যসমূহের সমর্থন দিতে আমরা সকল শিক্ষার্থীকে একটি সংক্ষিপ্ত সমীক্ষায় অংশগ্রহণ করতে উৎসাহিত করবো। কোর্সওয়ার্কের প্রতি শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গী, স্কুলে তাদের অভিজ্ঞতা, এবং আমাদের স্কুলগুলো যেসব উপায়ে তাদের শিক্ষাগত লক্ষ্যে সহায়তা প্রদান করে, সমীক্ষার প্রশ্নগুলো সেসব বিষয়ের প্রতি নিবিষ্ট থাকবে। ফলাফল শুধু ব্যবহার করা হবে সেসব শিক্ষার্থীদের চিহ্নিত করতে, যারা অধিকতর কঠোর কোর্সওয়ার্কের জন্য প্রস্তুত, এবং বর্তমান ও আগামী বছরগুলোর শিক্ষার্থীদের প্রদত্ত প্রাতিষ্ঠানিক সহায়তাকে প্রস্তুত করতে।

এছাড়াও আমরা 'স্টুডেন্ট ইনসাইট কার্ডস' তৈরির জন্য আমাদের শিক্ষার্থীদের ছবি ইওএস-কে দেবো। 'স্টুডেন্ট ইনসাইট কার্ডস' শিক্ষার্থীদেরকে তাদের ভালো সম্ভাবনাকে সনাক্ত করার উদ্দেশ্যে পরিচালিত গুরুত্বপূর্ণ তথ্যের আলোচনায় সহায়তার জন্য একটি বহুস্তরবিশিষ্ট পদ্ধতি প্রদান করে। স্টুডেন্ট ইনসাইট কার্ড স্কুল পরিচালক ও অন্যান্য সংশ্লিষ্ট স্কুল কর্মচারীদেরকে নিয়োগ-উদ্যোগে তথ্য দিয়ে সহায়তা করে যাতে কোন্ শিক্ষার্থীদের এপি কোর্স থেকে সবচেয়ে লাভবান হওয়ার সম্ভাবনা বেশি, তা চিহ্নিত করতে সহায়তা করে। আপনি যদি এখনও ডিওই-এর "কনসেন্ট টু ফটোগ্রাফ, ফিল্ম, ওর ভিডিও টেপ এ স্টুডেন্ট ফর নন-প্রফিট ইউজ" (অলাভজনক কাজে শিক্ষার্থীর ছবি, চলচ্চিত্র বা ভিডিও টেপ-এর জন্য অনুমতি) পূরণ করে থাকেন, অনুগ্রহ করে এই চিঠির সাথে সংযুক্ত ফরমটি পূরণ করুন এবং স্কুলে জমা দিন।

আমরা আপনাদের ছেলেমেয়েদের জন্য শুধু ধ্বনাত্মক সুবিধাই দেখছি এবং আমরা সেসব ডেটা সংগ্রহ করার জন্য আগ্রহান্বিত যা সকল শিক্ষার্থীকে তাদের শিক্ষাগত ও পেশাগত লক্ষ্য অর্জনে সফল হতে ভালোভাবে প্রস্তুত করবে। সমীক্ষা সম্পর্কে, কিংবা সাধারণভাবে অংশীদারত্ব নিয়ে আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে স্কুলের প্রিন্সিপ্যালের সাথে নশ্বের যোগাযোগ করবেন।

আপনাদের ছেলেমেয়েদের কঠোর প্রাতিষ্ঠানিক কোর্সে নিয়োজিত আছে যা তাদেরকে কলেজের পথে এগিয়ে নিয়ে যাবে, সেটা নিশ্চিত করতে আমরা আপনাদের অংশীদার হয়ে কাজ করার প্রত্যাশা করছি।

আপনার বিশ্বস্ত,

ইকুয়াল অপরচুনিটি স্কুল অ্যান্ড অফিস অভ ইকুইটি অ্যাক্সেস